গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

# সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন বিষয়ে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | ইসরাত চৌধুরী<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৬ জুন ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩:৩০ টা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফরম |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব (উপসচিব, প্রশাসন-১ শাখা) কে অনুরোধ করা হলে নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করা হয়:

**১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন।**

**১.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ কার্যক্রমের আওতায় সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন করার উপর বিস্তারিত আলোচনা করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনাপূর্বক দেখা যায় ২৮ মার্চ ২০২৩ সময়ে সর্বশেষ সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ০৭ মার্চ ২০২৩ তারিখে হালনাগাদ করা হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ০৪ মার্চ ২০২৩ তারিখে হালনাগাদ করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ২৭ মার্চ ২০২৩ তারিখে হালনাগাদ করা হয়েছে। কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ২২ মার্চ ২০২৩ তারিখে হালনাগাদ করা হয়েছে।

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের ২০২২-২০২৩ এর অর্ধবার্ষিক ফলাবর্তক সভায় মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণ করার সুপারিশ পাওয়া গেছে। এছাড়াও সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ৩য় সভায় কার্যবিবরণীতে উল্লেখিত মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখা হতে সর্বশেষ ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে উল্লিখিত মোট

১১টি নির্দেশনা অনুসরণপূর্বক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কার্যক্রম অব্যহত রাখার বিষয়ে সভায় উপস্থিত সদ্যসবৃন্দ আলোচনাক্রমে একমত পোষণ করেন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন জন্য প্রতিটি সেবার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সময় সময় স্ব স্ব অফিসের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবগত করার জন্য পরিবীক্ষণ কমিটি কর্তৃক মনিটরিং করার বিষয়ে মতামত দেন। এছাড়াও স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি দৈবচয়ন ভিত্তিতে কিছু সেবা কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা হচ্ছে কিনা তা পবিরীক্ষণ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভাপতি সভায় উপস্থিত স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি এবং ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের নির্দেশনা অনুসরণ করার আহ্বান জানান।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি এবং ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের নির্দেশনা অনুসরণ করা;

(খ) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের পত্র মোতাবেক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করা হয়েছে কিনা তা পরিবীক্ষণ করবে।

**২.০ আলোচ্য বিষয়: বিবিধ।**

**২.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত হালনাগাদ ও পরিবীক্ষণ কমিটি সমন্বয়পূর্বক যৌথভাবে কাজ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিবীক্ষণ কমিটি স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি ত্রৈমাসিকে পরিবীক্ষণ কার্যক্রম সম্পন্নপূর্বক স্ব স্ব অফিসের অফিস প্রধান এবং উর্ধ্বতন অফিসকে অবহিত করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত প্রকাশ করেন। স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে স্ব স্ব অফিসে মাসিক সভায় উপস্থাপনপূর্বক সমাধানের বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।

**২.২ সিদ্ধান্ত:**

(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত হালনাগাদ ও পরিবীক্ষণ কমিটি সমন্বয়পূর্বক কাজ করতে হবে;

(খ) স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে স্ব স্ব অফিসে মাসিক সভায় উপস্থাপনপূর্বক সমাধানের বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ইসরাত চৌধুরী
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.১৩০

তারিখ: ৪ আষাঢ় ১৪৩০
১৮ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
৩) যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)



সেখ ফরিদ আহমেদ
উপসচিব